




পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

প্রধান কার্যালয়ঃ বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, হাজীরোড, রূপনগর বা/এ,
মিরপুর-২, ঢাকা-১২১৬



স্মারকঃ ৪৭.৬৬.০০০০.০০৭.৩৭.০৩৭.১৮-৫৬

তারিখঃ ০২/০১/২০১৯

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ইনোভেশন টিমের ২৭ ডিসেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

২৭/১২/২০১৮ তারিখে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ইনোভেশন টিমের সভা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পিডিবিএফ এর ইনোভেশন অফিসার জনাব মোঃ সহিদ হোসেন সেলিম। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।

০২। উপস্থাপনাঃ সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়-১: পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে তা নিশ্চিতকরণ করা হয়।

আলোচ্য বিষয়-২: মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা।

উক্ত সভায় পল্লী অঞ্চলের অসুবিধাগ্রস্ত জনগোষ্ঠীর জীবনমানের আধুনিকায়নের উদ্দেশ্যে বিভিন্ন পর্যায়ে তথ্যপ্রযুক্তির প্রয়োগের বিষয়ে নতুন সফটওয়্যার তৈরির উপর গুরুত্ব প্রদান করা হয়। ইনহাউজ সফটওয়্যার তৈরির মাধ্যমে কিভাবে পিডিবিএফ এর সেবা প্রদান মাধ্যমকে সহজতর করা যায় এবং তথ্য প্রযুক্তি ব্যবস্থার উন্নয়ন করা যায় সেই বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

পিডিবিএফ এর ইউটিউব চ্যানেলে নিয়মিত ভিডিও আপলোড এর মাধ্যমে এই চ্যানেলের আপডেট প্রক্রিয়া চলমান রাখার ব্যাপারে গুরুত্ব প্রদান করা হয়। পিডিবিএফ এর শিক্ষণীয় ট্রেনিং প্রোগ্রাম সমূহের ভিডিও নিয়মিত করা হলে তা পল্লী অঞ্চলের অসুবিধাগ্রস্ত জনগোষ্ঠীর জীবনমানের আধুনিকায়নে এবং উন্নত সেবা পেতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে।

এছাড়াও ন্যাশনাল ওয়েব পোর্টালে পিডিবিএফ এর ওয়েবসাইটের নিয়মিত হালনাগাদকরণের উপর গুরুত্ব আলোচিত হয়। আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১. ইনহাউজ সফটওয়্যার তৈরির উপর গুরুত্ব আরোপ।
২. পিডিবিএফ এর ইউটিউব চ্যানেলে পিডিবিএফ সংশ্লিষ্ট ভিডিও আপলোড সহ এর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ।
৩. পিডিবিএফ এর ওয়েবসাইটের নিয়মিত হালনাগাদকরণ।

০৩। বিবিধঃ

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সহিদ হোসেন সেলিম)

পরিচালক, মানব সম্পদ ও উন্নয়ন

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

এবং

ইনোভেশন অফিসার